

মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ২৭৯

পর্ব-২: 'ইলম (বিদ্যা) (كتاب العلم)

পরিচ্ছেদঃ তৃতীয় অনুচ্ছেদ

الْفَصْلُ الثَّالِثُ

আরবী

وَعَنْ ابْنِ مَسْعُودٍ قَالَ: قَالَ لِي رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «تَعَلَّمُوا الْعِلْمَ وَعَلِّمُوهُ النَّاسَ تَعَلَّمُوا الْفَرَائِضَ وَعَلِّمُوهَا النَّاسَ تَعَلَّمُوا الْقُرْآنَ وَعَلِّمُوهُ النَّاسَ فَإِنِّي أَمْرٌ مَقْبُوضٌ وَالْعِلْمُ سَيُقْبَضُ وَتَظْهَرُ الْفِتْنُ حَتَّى يَخْتَلِفَ اثْنَانِ فِي فَرِيضَةٍ لَا يَجِدَانِ أَحَدًا يَفْصِلُ بَيْنَهُمَا». رَوَاهُ الدَّارِمِيُّ وَالْدَّارَقُطْنِيُّ

বাংলা

২৭৯-[৮২] ইবনু মাস'উদ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, একদা রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমাকে বললেনঃ তোমরা 'ইলম শিক্ষা কর, লোকদের তা শিক্ষা দিতে থাকো। তোমরা অবশ্য পালনীয় বিষয়গুলো (বা ফারায়িয়) শিখবে, অন্যকেও শিখাবে। এভাবে কুরআন শিখ, লোকদেরও শিখাও। নিশ্চয়ই আমি একজন মানুষ, আমাকে উঠিয়ে নেয়া হবে, 'ইলমও উঠিয়ে নেয়া হবে এবং ফিতনাহ্-ফাসাদ ও হাঙ্গামা সৃষ্টি হবে। এমনকি দুই ব্যক্তি অবশ্য পালনীয় বিষয়ে মতভেদ করবে, অথচ ঐ দুই ব্যক্তি এমন কাউকে পাবে না, যে এ দু'জনের মধ্যে মীমাংসা করে দিতে পারে। (দারিমী ও দারাকুত্নী)[1]

ফুটনোট

[1] য'ঈফ : দারিমী ২২১। কারণ এর সানাদে সুলায়মান ইবনু জাবির (রাঃ) আল হিজ্রী নামে একজন মাজহুল বা অপরিচিত রাবী রয়েছে।

ব্যাখ্যা

ব্যাখ্যা: হাদীসটি 'ইলম, ফারায়িয় ও কুরআন শিক্ষার ব্যাপারে ও তা মানুষকে শিক্ষা দেয়ার ব্যাপারে নির্দেশ করছে এবং এতে অদূর ভবিষ্যতে 'ইলম উঠিয়ে নেয়া, ফিতনাহ্ (ফিতনা) প্রকাশ পাওয়ার কথা বলা হয়েছে। এমনকি

কোন একটি ফরয বিষয় নিয়ে দু' ব্যক্তি মতানৈক্যে পতিত হবে কিন্তু তারা এমন কাউকে পাবে না যে, তাদের দু'জনের মাঝে মীমাংসা করে দিবে। আর তা বিদ্যার কমতি বা ফিতনার আধিক্যের কারণে।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=54838>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন